দৈনিক
জনকণ্ঠ

তারিখ ..27 AUG 2017...
পৃষ্ঠা ...5... কলাম ...6......

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/ স্নাতক শ্রেণীতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

মেমো নং-এ-১০৬৪-৪/২-১ (১০২৭-২০১৮)    তারিখ : ২৪/০৮/২০১৭ ইং

১। (ক) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণীতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://admission.ru.ac.bd অথবা www.ru.ac.bd -এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে আবেদন করতে হবে। ১০-০৯-২০১৭ (দুপুর ১২টা) থেকে ২৪-০৯-২০১৭ তারিখ (রাত ১২টা) পর্যন্ত আবেদন করা যাবে।

(খ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তিপরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২২-১০-২০১৭ হতে ২৬-১০-২০১৭ তারিখ পর্যন্ত পৃথক পৃথকভাবে বিভিন্ন ইউনিটের ভর্তিপরীক্ষা অনুষ্ঠিত হবে। আবেদনের নিয়মাবলী এবং ভর্তিপরীক্ষা সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। ভর্তির আবেদনের যোগ্যতা

(I) ২০১২, ২০১৩ , ২০১৪ ও ২০১৫ সালের এসএসসি/সমমান এবং ২০১৬ ও ২০১৭ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বিএফএ(প্রাক), বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভকেশনাল) ও এইচএসসি (ভকেশনাল), O. লেভেল ও A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই [এসএসসি বা এইচএসসি সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে ] কেবল ভর্তিপরীক্ষার জন্য আবেদন করতে পারবে। সনাতন পদ্ধতিতে ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে না। [ কেবল বিএফএ(প্রাক) ডিগ্রিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ফলাফল এখনও সনাতন পদ্ধতিতে হওয়ায় তাদের আবেদন গ্রহণযোগ্য হবে, তবে তাদের মার্কশিট/সার্টিফিকেট থাকতে হবে ]

(II)

| |
|---|
| মানবিক শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে। |
| বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৭.৫০ পেতে হবে। |
| বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৮.০০ পেতে হবে। |
| জিসিই O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড এবং ৩টি বিষয়ে কমপক্ষে C গ্রেড পেতে হবে। O লেভেল A লেভেল এবং ইংলিশ ভার্সন (ন্যাশনাল কারিকুলাম) পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্ন প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজিতে অনুবাদ করা হবে। ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে তার Application ID ও মোবাইল নম্বর উল্লেখসহ ২৪-০৯-২০১৭ তারিখের মধ্যে ইমেইল (ru_admission@ru.ac.bd) -এর মাধ্যমে জানাতে হবে। |

বি. দ্র. আবেদনকারী যে ইউনিটে আবেদন করুক না কেন সে যে শাখা থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই শাখার জন্য নির্ধারিত যোগ্যতা তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

যেসব ছাত্র/ছাত্রী A ইউনিটের নাট্যকলা, সঙ্গীত বিভাগে, C ইউনিটের শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ এবং I ইউনিটের চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র, মৃৎশিল্প ও ভাস্কর্য গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার সময়সূচীসহ বিস্তারিত তথ্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে।

১০০ নম্বরের MCQ পরীক্ষায় পাস নম্বর হবে ৪০। এছাড়া ইউনিট/বিভাগ কর্তৃক আরোপিত শর্ত সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

ভর্তিপরীক্ষায় বিভিন্ন ইউনিটের আবেদন ফি, অনলাইনে আবেদন পদ্ধতি, ভর্তিপরীক্ষার সময়সূচী এবং ইউনিট/বিভাগ কর্তৃক আরোপিত শর্তসমূহ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ru.ac.bd -এ প্রকাশিত হবে।

পরীক্ষার হলে কোন ধরণের ইলেকট্রনিক ডিভাইস যেমন- মোবাইল ফোন, ক্যালকুলেটর, হেডফোন, মেমোরিযুক্ত ঘড়ি ইত্যাদি সংগে আনা যাবে না।

(প্রফেসর ড. এম. এ. বারী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়

এম-৭০৯/১৭ (৮´x৩)

সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর